غريب الحديث

গরীবুল হাদীস

[বিশ্লেষণধর্মী পর্যালোচনা]



ড. মুফতী মুহাম্মদ মানজুরুর রহমান

(বিশ্ববিদ্যালয়সমূহের 'ইসলামিক স্টাডিজ বিভাগ' এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর অধিনস্থ 'বি.এ অনার্স ফাজিল ২য় বর্ষের' সিলেবাসভুক্ত)

গরীবুল হাদীস

(বিশ্লেষণধর্মী পর্যালোচনা)

غريب الحديث : دراسة تحليلية

ড. মুফতী মুহাম্মদ মানজুরুর রহমান

সহকারী অধ্যাপক

ইসলামিক স্টাডিজ বিভাগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, বাংলাদেশ

এম.ফিল; পি-এইচ.ডি- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

(পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক পি-এইচ.ডি স্কলারশীপপ্রাপ্ত)

বি.টি.আই.এস. (অনার্স); এম.টি.আই.এস (মাস্টার্স) ই.বি, কুষ্টিয়া

কামিল ট্রিপল (আদব, তাফসীর, ফিক্‌হ), অল থ্রু ফাষ্ট ক্লাস

আশরাফিয়া বুক হাউস

অভিজাত মুদ্রণ ও প্রকাশনা প্রতিষ্ঠান

ইসলামী টাওয়ার (দোকান নং ৬)

১১/১ বাংলাবাজার, ঢাকা-১১০০

০১৯১১০০৬৮০৬, ০১৬১১০০৬৮০৬

ashrafiabook@gmail.com

/ashrafiabookhouse

www.ashrafiabookhouse.com

প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ (আহসান সাইদ)
ভাইস চ্যান্সেলর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা, বাংলাদেশ।
মোবাইল- ০১৭০৫-৪০৮০০০

অভিমত

হাদীস হচ্ছে কুর'আনের বিশ্লেষণ, গোপনীয় তথ্যের স্পষ্ট ব্যাখ্যাদান এবং কুর'আনের ইঙ্গিতবহ আয়াতের বিস্তৃত বিশ্লেষণ। যে কুর'আন-হাদীসের অনুসারী হবে সে হেদায়াত প্রাপ্ত হয়ে দুনিয়া-আখেরাতে কল্যাণ লাভ করবে। আর যে একে অগ্রাহ্য করবে, সে পথহারা এবং মহাক্ষতিতে নিমর্জ্জিত হবে।

হাদীস এর সনদ বা (রাবী) বর্ণনাসূত্রের কোন একস্তরে মাত্র একজন রাবী বর্ণনা হওয়ায় তা 'গরীব হাদীস' পর্যায়ভুক্ত হয়েছে। তবে ঐ একজন রাবী যদি মাশহুর ও সেকাহ্ বা গভীর স্মৃতিশক্তিসম্পন্ন হয়, তাহলে শতভাগ 'সহীহ্' এর স্তরে উপণিত হবে। ''গরীবুল হাদীস : বিশ্লেষণধর্মী পর্যালোচনা'' শিরোনামে গ্রন্থটির লেখক ড. মুহাম্মদ মানজুরুর রহমান বাংলা ভাষায় রাসূলুল্লাহ (সা.) এর ''গরীবুল হাদীস'' সর্বপ্রথম গবেষণামূলক বিশ্লেষণ করতে সক্ষম হয়েছেন। বর্তমানে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষক হিসেবে কর্মজীবনেও বহুমূখী যোগ্যতার পরিচয় দিচ্ছেন। তাঁর গবেষণামূলক লেখালেখি অব্যাহত থাকায় আমি অত্যন্ত আনন্দিত।

তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যায়ের ইসলামিক স্টাডিজ বিভাগ থেকে ২০০২ সনে এম.ফিল উত্তীর্ণ এবং ২০০৯ সনে পি-এইচ.ডি ডিগ্রি অর্জনের মাধ্যমে প্রতিভা ও কৃতিত্বের স্বাক্ষর রাখেন। এ গ্রন্থটি হাদীস অনুসন্ধিস্য সাধারণ ছাত্র-ছাত্রী, পাঠক-পাঠিকা, হাদীস শিক্ষার্থীদের জন্য বেশ গুরুত্বপূর্ণ সহায়ক গ্রন্থ হবে বলে আমার বিশ্বাস। আমি এ গ্রন্থটি ও তার লেখকের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

প্রফেসর ড. আহসান উল্লাহ (আহসান সাইদ)
ভাইস চ্যান্সেলর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ঢাকা, বাংলাদেশ।

লেখকের কথা

بسم الله الرحمن الرحيم

الحمد لله مميز الخبيث من الطيب، ومحرز الحديث بنقاده من الخطأ والكذب، والصلاة والسلام على أشرف خلقه محمد وعلى آله وأزواجه ومن له صحب، صلاة وسلاماً نرجو بهما الاستقامة للنفس والأهل والعقب.

সর্বপ্রথম কৃতজ্ঞতা ও শুকরিয়া জ্ঞাপন করছি নিখিল বিশ্বের স্রষ্টা মহান আল্লাহ রাব্বুল 'আ'লামীনের প্রতি, যিনি অপার অনুগ্রহে আমাদেরকে ''গরীবুল হাদীস : বিশ্লেষণধর্মী পর্যালোচনা'' শীর্ষক শীরোনামে মহৎ গবেষণাকর্মটি সম্পাদনের তাওফীক দিয়েছেন। দুরূদ ও সালাম পেশ করছি মানবতার মুক্তির দিশারী, বিশ্বে শান্তি প্রতিষ্ঠাকারী ও নাজাতের কাণ্ডারী হযরত মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সা.)-এর প্রতি।

আমি ড. মুহাম্মদ মানজুরুর রহমান ''গরীবুল হাদীস : বিশ্লেষণধর্মী পর্যালোচনা'' শীর্ষক বিষয় নিয়ে গবেষণালব্ধ মূল্যবান গ্রন্থটি থিসিস আকারে গবেষণা প্রকল্প পরিচালনা, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম থেকে আল্লহর রহমতে সফলভাবে সমাপ্ত করেছি।

গবেষণা প্রকল্পটিকে আরও উন্নতস্তরে উচ্চ গবেষণা করার নিমিত্তে বর্তমান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. শিরীণ আখতার (কথা সাহিত্যিক) এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী স্যারসহ সিণ্ডিকেট কর্তৃক অনুমোদিত নীতিমালার আলোকে এ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের ব্যক্তিগত সুযোগ-সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের মাধ্যমে গবেষণা প্রকল্পটি চালু করায় আমি তাঁদের নিকট চিরঋণী ও কৃতজ্ঞ।

কৃতজ্ঞতা জানাই গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে ও গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের প্রতিষ্ঠাতা ও সহযোগী বিদগ্ধ পণ্ডিত ও সুদক্ষ বিদ্যানুরাগী মহোদয়গণকে এবং যাঁদের প্রচেষ্টায় এ গবেষণা প্রকল্পটি এ স্তরে উপনীত হয়েছে। বিশেষ করে সাবেক পরিচালক- গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-এর প্রফেসর ড. ফরিদ উদ্দীন

সূচীপত্র

প্রথম অধ্যায় :
'গরীব হাদীসের' পরিচিতি, গুরুত্ব ও মর্যাদা
প্রথম পরিচ্ছেদ

'গরীব হাদীসের' আভিধানিক ও পারিভাষিক পরিচিতি ----------২৮
'গরীব হাদীসের' নামকরণ ----------৩১

দ্বিতীয় পরিচ্ছেদ

'গরীব হাদীসের' প্রকারভেদ (উদাহরণসহ) ---------- ৩২
'গরীব হাদীসের' প্রসিদ্ধ গ্রন্থসমূহ (আরবী)) ---------- ৩৯

তৃতীয় পরিচ্ছেদ

'গরীব হাদীসের' গুরুত্ব ও মর্যাদা ----------৪০

দ্বিতীয় অধ্যায় :
গরীব হাদীসের প্রসিদ্ধ গ্রন্থসমূহের পর্যালোচনা
প্রথম পরিচ্ছেদ :

'আন-নিহায়াতু ফী গারীবিল হাদীস ওয়াল আসার' গ্রন্থ
(النهاية في غريب الحديث و الأثر) পর্যালোচনা---------- ---৪৩

দ্বিতীয় পরিচ্ছেদ :

'গরীবুল হাদীস লি-ইবরাহীম আল-হারাবী'
(غريب الحديث لإبراهيم الحربي) গ্রন্থ পর্যালোচনা -------৫৩

তৃতীয় পরিচ্ছেদ :

'গারাইবু মালেক ইব্ন আনাস'
(غرائب مالك بن أنس) গ্রন্থ পর্যালোচনা ----------৫৭

চতুর্থ পরিচ্ছেদ :

'আল-ফাইকু ফী গরীবিল হাদীস ওয়াল আসার'

(الفائق في غريب الحديث و الأثر) গ্রন্থ পর্যালোচনা ---- ৫৯

পঞ্চম পরিচ্ছেদ :

'গরীবুল হাদীস লি-আবী 'উবাইদ আল-কাসিম ইব্ন সালাম আল-হারভী (غريب الحديث لابي عبيد القاسم بن سلام الهروي) গ্রন্থ পর্যালোচনা ---------- ৭২

ষষ্ঠ পরিচ্ছেদ :

'গরীবুল হাদীস-লিইব্ন কুতাইবা' (غريب الحديث لابن قتيبة) গ্রন্থ পর্যালোচনা---------- ৭৯

তৃতীয় অধ্যায়:
গরীবুল হাদীস : বিশ্লেষণধর্মী পর্যালোচনা

(গবেষণা প্রকল্পের এ অধ্যায়টি মূল আলোচনা। বিষয়বস্তুর আলোকে গরীবুল হাদীসসমূহ উপস্থাপন)

* আবওয়াবুত তাহারাত বা পবিত্রতা অধ্যায় ---------- ৮৪
* আবওয়াবুস সালাত বা নামায অধ্যায় ---------- ১০৪
* আবওয়াবুল বিতর বা বিতর নামায অধ্যায় ---------- ১৩১
* আবওয়াবুল জুমু'আ বা জুমু'আর নামায অধ্যায় ---------- ১৪০
* আবওয়াবুস সাফার বা সফরকালীন নামায অধ্যায় ---------- ১৪২
* আবওয়াবুয যাকাত বা যাকাত অধ্যায় ---------- ১৫০
* আবওয়াবুস সাওম বা রোযা অধ্যায় ---------- ১৫৪
* আবওয়াবুল হজ্জ বা হজ্জ অধ্যায় ---------- ১৬২
* আবওয়াবুল জানাইয বা জানাযা অধ্যায় ---------- ১৮২
* আবওয়াবুন নিকাহ বা বিবাহ অধ্যায় ---------- ১৯৭
* আবওয়াবুর রিদা' বা শিশুর দুধপান ---------- ১৯৯
* আবওয়াবুল বুয়ূ' বা ক্রয়-বিক্রয় অধ্যায় ---------- ২০২
* আবওয়াবুত তিব্ব বা চিকিৎসা ---------- ২০৯
* আবওয়াবুল ফারাইয ---------- ২১৭

* আবওয়াবুল ওয়াসিয়্যা বা ওসিয়াত এর অধ্যায় ----------২১৯
* আবওয়াবুল ওয়ালাআ ওয়াল হেবা ---------- ২২২
* আবওয়াবুল কাদ্‌র বা তাকদীর ---------- ২২৩
* আবওয়াবুল ফিতান বা কলহ ও বিপর্যয় ---------- ২৪০
* আবওয়াবুর রুইয়া বা স্বপ্ন ও তার তাৎপর্য ---------- ২৭০
* আবওয়াবুশ শাহদা বা সাক্ষ্য প্রদান ---------- ২৭২
* আবওয়াবুয যুহ্‌দ বা পার্থিব ভোগবিলাসের
প্রতি অনাসক্তি ---------- ২৭৪
* আবওয়াবু সিফাতিল কিয়ামাহ ওয়ার রিকাক বা কিয়ামত ও
মর্মস্পর্শী বিষয় ---------- ৩১৫
* আবওয়াবু সিফাতিল জান্নাত বা বেহেশতের বিবরণ -------- ৩৪৯
* কিতাবুল ঈমান বা ঈমান অধ্যায় ---------- ৩৭৯
* আবওয়াবুল ইল্‌ম বা জ্ঞান অধ্যায় ---------- ৩৮০
* আবওয়াবু তাফসীরিল কুর'আন ---------- ৩৯১
* আবওয়াবুদ দাওয়াত বা দোয়াসমূহের অধ্যায়---------- ৪১০
* আবওয়াবুল মানাকিব বা রাসূলুল্লাহ (সা.) ও
সাহাবীগণের মর্যাদা ---------- ৪৭৯
উপসংহার : ---------- ৫৭১
গ্রন্থপঞ্জি : ---------- ৫৭৫
লেখক পরিচিতি : ---------- ৫৮৮
লেখকের অন্যান্য গবেষণামূলক বই ও প্রবন্ধের তালিক : ---------- ৫৮৯

ভূমিকা

بسم الله الرحمن الرحيم

الحمد لله والصلاة والسلام على رسوله، وما توفيقي إلا بالله عليه توكلت وإليه أنيب،

وبه استعين، رب يسر يا كريم، رب يسر وأعن وتمم يا كريم. وبعد

সকল প্রশংসা একমাত্র আল্লাহর জন্য। রহমত ও শান্তি বর্ষিত হোক মনোনীত, সর্বশেষ নবী রাসূলুল্লাহ (সা.)সহ সকল নবী, সাহাবী, তাবে'ঈন ও যারা সঠিকভাবে শান্তির আশায় রাসূলুল্লাহ (সা.)-এর অনুসরণ করেছেন তাদের ওপর।

বিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য আল্লাহ তা'আলা তাঁর রাসূল (সা.) কে প্রেরণ করেছেন। শান্তি প্রতিষ্ঠায় রাসূলুল্লাহ (সা.)-এর প্রণীত সকল নীতিমালা মহান আল্লাহ প্রদত্ব ওহী দ্বারা নিয়ন্ত্রণ করেন। ইসলামী শরী'আতের মূল উৎস কুর'আন ও হাদীস। যা যথাক্রমে প্রত্যক্ষ ও পরোক্ষ ওহ'ীর মাধ্যমে প্রাপ্ত হওয়ায় এর প্রামাণ্যতা যেমন সন্দেহাতীত তেমনি এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। বিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য রাসূলুল্লাহ (সা.) মানব সমাজের উদ্দেশ্য আল্লাহ প্রদত্ত অনেক আদেশ, নিষেধ, সুসংবাদ, ভীতি প্রদর্শন এবং অসংখ্য বাস্তব দৃষ্টান্ত প্রদান করে চমৎকার ও মূল্যবান জীবনের পাথেয় উপস্থাপন করেছেন। কুর'আন এবং হাদীস দু'টিই আল্লাহ প্রদত্ত ওহ'ীলব্ধ জ্ঞান।[১] এ প্রসংগে মহান আল্লাহর ঘোষণা-

وَمَا يَنْطِقُ عَنِ الْهَوَى, إِنْ هُوَ إِلَّا وَحْيٌ يُوحَى

---

১ ওহী (الوَحْيُ) শব্দের অর্থ : প্রত্যাদেশ (Revelation), গোপনীয়তা (الخِفَاءُ) ও দ্রুততা (السُّرْعَةَ) ইত্যাদি। যেমন 'মাবাহিস ফী 'উলূমিল কুর'আন, (১৪০৬/১৯৮৩) গ্রন্থে বলা হয়েছে-

الإِعْلاَمُ الْخَفِيُّ السَّرِيْعُ الْخَاصُّ بِمَنْ يُّوَجَّهُ إِلَيْهِ بِحَيْثُ يَخْفِي عَلَي غَيْرِه

(এমন গোপন ও দ্রুত সংবাদ যা শুধু ঐ ব্যক্তিই জানে, যার নিকট তা প্রেরণ করা হয়েছে, অন্যদের নিকট যা গোপন)। দ্র,- মান্না' আল-কাত্তান : **মাবাহিস ফী 'উলূমিল কুর'আন**, (বৈরূত : মুওয়াস্সাসাতুর রিসালাহ, ১৪০৬/১৯৮৩), পৃ. ১৬। পরিভাষায় ওহী হলো-

الوَحْيُ كَلاَمُ اللهِ تَعَالَيا الْمُنَزَّلُ عَلَي نَبِيٍّ مِّنَ أَمْنِيَائِهِ عَلَيْهِمُ السَّلاَمُ

"আল্লাহ তা'আলার বাণী, যা তাঁর নবীগণের মধ্য থেকে কোন নবীর উপর নাযিল করা হয়েছে।" দ্র,- 'আল্লামা বদরুদ্দীন আল-'আয়নী : **'উমদাতুল কারী**, খ. ১ম, (মাকতাবাতুর রাশিদিয়্যাহ ১৪০৫ হি.), পৃ. ১৪।

"তিনি (রাসূলুল্লাহ সা.) নিজের প্রবৃত্তি দ্বারা কথা বলেন না। যখনি তিনি কথা বলেন, তখন ওহী দ্বারাই কথা বলতেন।"[২] কুর'আন ও হাদীস উভয়ই আল্লাহর পক্ষ থেকে আগত। তাই উভয়ের বাস্তবায়ন ওয়াজিব।[৩] রাসূলুল্লাহ (সা.) কোন কাজের নির্দেশ করলে, তা করা ওয়াজিব হয়ে যায়। শরী'আত অনুযায়ী তা না করার কারও অধিকার থাকে না। রাসূলুল্লাহ (সা.)-এর হাদীস বা সুন্নাতের উপর 'আমল করা প্রকৃতপক্ষে কুর'আনুল কারীমের উপর 'আমল করারই শামিল।[৪] রাসূসুল্লাহ (সা.) ও মহান আল্লাহর আদেশ অমান্য করলে সুস্পষ্ট গোমরাহ বা পথভ্রষ্ট হিসেবে বিবেচিত হবে। যা আল্লাহ তা'আলা সুস্পষ্টভাবে আল-কুর'আনে উল্লেখ করে বলেন-

وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا مُبِينًا

"যখন আল্লাহ ও তাঁর রাসূল কোন বিষয়ে ফয়সালা করে দেন, তখন সে ব্যাপারে মু'মিন নর-নারীর নিজস্ব কোন ঐচ্ছিকতা থাকে না। আর যে আল্লাহ ও তাঁর রাসূলের আদেশ অমান্য করে, সে প্রকাশ্য পথভ্রষ্টতায় পতিত হয়।"[৫] মূলতঃ মানবজাতি জাগতিক বিষয়গুলো (যেমন : চাষাবাদ, ঘর-বাড়ী নির্মাণ, উন্নত মানের গাড়ি, রান্না-বান্না, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি) জ্ঞান, যুক্তি, বুদ্ধি, বিবেক, বিবেচনা শক্তি, অভিজ্ঞতা ও গবেষণা দিয়ে উত্তরোত্তর সমৃদ্ধি ও উন্নতি করা সম্ভব। কিন্তু ধর্মীয় বিশ্বাস (যেমন : আল্লাহ, রাসূল, ফেরেশ্‌তা, আখেরাত, পুলসিরাত, জান্নাত-জাহান্নাম, পাপ-পূণ্য ইত্যাদি) চিন্তা, অভিজ্ঞতা ও গবেষণা দিয়ে ওহীলব্ধ জ্ঞান ব্যতীত জানা সম্পূর্ণ অসম্ভব। তাই ওহী-এর গুরুত্ব ও মর্যাদা অপরিসীম। রাসূলুল্লাহ (সা.) আল্লাহ প্রদত্ব ওহী-এর আলোকে অনুসৃত নীতিমালা অনুযায়ী বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করেন।

'গরীবুল হাদীস' হাদীস শাস্ত্রের একটি গুরুত্বপূর্ণ গ্রন্থ। তাতে রাসূলুল্লাহ (সা.)-এর 'গরীব' (দূর্লব) হাদীসসমূহকে একত্রে সন্নিবেশিত করেছেন। যা হাদীস বিজ্ঞানের জগতে এক বিপ্লব সাধিত হয়েছে।

---

২ আল-কুর'আনুল কারীম : **সূরা আন-নাজম**, আয়াত নং- ৩-৪।

৩ মাওঃ মুফতী মুহাম্মদ শাফী' : **তাফসীরু মা'আরেফুল কুর'আন** (সংক্ষিপ্ত) অনু : মাওঃ মুহিউদ্দীন খান। (মদীনা : ফাহাদ কুর'আন প্রিন্টিং কমপ্লেক্স, ১৪১৩ হি.) পৃ. ২৮২।

৪ মুহাম্মদ আবূ যাহু : **আল-হাদীস ওয়াল মুহাদ্দেসূন**, (বৈরূত : দারুল কিতাবিল 'আরাবী, ১৪০৩/১৯৮৩), পৃ. ২১।

৫ আল-কুর'আনুল কারীম : **সূরা আহ্‌যাব**, আয়াত নং- ৩৬।

اعتنى بتصحيحه والتعليق عليه السيد محمد عظيم الدين مصحح دائرة المعارف بتعارف المدير.

(ويليه الجزء الثالث أوله: " وقال أبو عبيد في حديث النبي عليه السلام أنه قال: من أحب لقاء الله، الحديث ").

তৃতীয় খণ্ড (الجزء الثالث)

'গরীবুল হাদীস' কিতাবটি লেখকের নাম হলো : (ابي عبيد القاسم بن سلام الهروي) আবূ 'উবাইদ আল-কাসিম ইব্ন সালাম আল-হারভী (মৃত ২২৪ হি./৮৩৮ খ্রি.)। তৃতীয় খণ্ডটি আল-হিন্দ হায়দারাবাদ থেকে দারুল মা'আরিফ আল-'উসমানিয়্যাহ প্রকাশনা থেকে ১৩৮৪ হি. / ১৯৬৫ খ্রি. প্রকাশিত হয়েছে। এ তৃতীয় খণ্ডটির পৃষ্ঠা সংখ্যা ০১ থেকে ৪৮৬।

তৃতীয় খণ্ডেও দ্বিতীয় খণ্ডের ন্যায় কিছু সাংকতিক চিহ্ন ব্যবহার করেছেন। যেমন :

ت = দ্বারা : جامع الترمذي (জামি'উত তিরমিযী) বুঝিয়েছেন।

جه = দ্বারা : سنن ابن ماجه (সুনানু ইব্ন মাজাহ) বুঝিয়েছেন।

ج = দ্বারা : الجامع الكبير للسيوطي (আল-জামি'উল কাবীর লিস সুয়ূতী রহ. কে) বুঝিয়েছেন।

حم = দ্বারা : مسند الامام أحمد بن حنبل رحمه الله (মুসনাদু আল-ইমাম আহমদ ইব্ন হাম্বল) বুঝিয়েছেন।

خ = দ্বারা : صحيح البخاري (সহিহুল বুখারী) বুঝিয়েছেন।

د = দ্বারা : سنن أبي داود (সুনানু আবী দাউদ) বুঝিয়েছেন।

دى = দ্বারা : مسند الدارمي (মুসনাদুদ দারেমী) বুঝিয়েছেন।

ر = দ্বারা : مخطوطة غريب الحديث للمكتبة الرامفورية (মাখতূতাতু গারীবিল হাদীস লিল-মাকতাবাতির রামাফূরিয়া) বুঝিয়েছেন।

ش = দ্বারা : شمس العلوم لنشوان بن سعيد الحميري (مخطوطة المكتبة الاصفية) (শামসুল উলূম লি-নাশওয়ান ইব্ন সা'ঈদ আল-হুমাইরী) বুঝিয়েছেন।

আবওয়াবুস সাফার

সফরকালীন নামায অধ্যায়

٣٥ - حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلَانَ وَغَيْرُ وَاحِدٍ قَالُوا حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَعِيدِ بْنِ أَبِي هِنْدٍ عَنْ ثَوْرِ بْنِ زَيْدٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَلْحَظُ فِي الصَّلَاةِ يَمِينًا وَشِمَالًا وَلَا يَلْوِي عُنُقَهُ خَلْفَ ظَهْرِهِ.[৩৭৮]

''ইব্ন আব্বাস (রা.) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) নামাযরত অবস্থায় ডানে-বাঁয়ে দেখতেন, কিন্তু পিছনের দিকে ঘাড় মোড়াতেন না।''[৩৭৯]

গরীব হওয়ার কারণ

ইমাম তিরমিযী (রহ.) এ হাদীসটি গরীব হওয়ার কারণ প্রসংগে বলেন,

قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَقَدْ خَالَفَ وَكِيعٌ الْفَضْلَ بْنَ مُوسَى فِي رِوَايَتِهِ

''ইমাম তিরমিযী আবূ 'ঈসা বলেন, এ হাদীসটি গরীব। ওয়াকী (রহ.) তাঁর বর্ণনায় আল-ফাদল ইব্ন মূসার বর্ণনার সাথে মতভেদ করেছেন।''[৩৮০] আর শুধুমাত্র রাবী (الْفَضْلُ بْنُ مُوسَى) আল-ফাযল ইব্ন মূসা এর একক সূত্রে এ হাদীসটি বর্ণিত হওয়ায় তা গরীব হাদীসের অন্তর্ভুক্ত।

গরীব হাদীসটির বিশ্লেষণ

আমাদের গবেষণায় দেখা যায় যে, এ গরীব হাদীসটি ইমাম তিরমিযী (রহ.) 'আল-জামি' কিতাব ছাড়াও একই রাবীর থেকে বর্ণিত হাদীসের অপর বিখ্যাত কিতাব ইমাম নাসাঈ (রহ.) তাঁর 'আস-সুনান',[৩৮১] হাদীসের অপর বিখ্যাত

---

৩৭৮ ইমাম তিরমিযী : *জামি'উত তিরমিযী*, পরিচ্ছেদ- بَاب مَا ذُكِرَ فِي الِالْتِفَاتِ فِي الصَّلَاةِ -এর ১ম হাদীস, প্রাগুক্ত, হাদীস নং- ৫৩৬।

৩৭৯ ইমাম তিরমিযী (রহ.) : *জামি' আত-তিরমিযী*, অনু. মুহাম্মদ মূসা, হাদীস নং- ৫৪৮, খ. ১ম, প্রাগুক্ত, পৃ. ৪০৯।

৩৮০ ইমাম তিরমিযী : *জামি'উত তিরমিযী*, প্রাগুক্ত।

৩৮১ ইমাম নাসাঈ : *আস-সুনান*, পরিচ্ছেদ- بَاب الرُّخْصَةِ فِي الِالْتِفَاتِ فِي الصَّلَاةِ يَمِينًا وَشِمَالًا -এর ২য় হাদীস, প্রাগুক্ত, হাদীস নং- ১১৮৬।

কিতাব ইমাম দারা কুতনী, 'আলী ইব্ন 'উমর আবুল হাসান আল-বাগদাদী (মৃ. ৩৮৫ হি.) তাঁর 'আস-সুনান'[৩৮২] ইমাম আহমদ ইব্ন হাম্বল (রহ.) তাঁর 'আল-মুসনাদ',[৩৮৩] আবূ বকর আহ্মাদ ইব্ন হুসাইন ইমাম বাইহাকী তাঁর 'আস-সুনানুল কুবরা',[৩৮৪] 'আস-সুনানুল কুবরা লিন-নাসাঈ',[৩৮৫] 'আল্লামা 'আলা উদ্দিন 'আলী আল-মুত্তাকী ইব্ন হিসাম আদ্দীন আল-হিন্দী (রহ. ৯৭৫হি.) তাঁর 'কানযুল 'উম্মাল,'[৩৮৬] আবূ মুহাম্মদ 'আবদুল্লাহ ইব্ন আহমদ ইব্ন মুহাম্মদ ইব্ন কুদামাহ আল-মাকদেসী তাঁর 'আল-মুগনী',[৩৮৭] আবুল ফাযল আস-সাইয়্যেদ আবুল মা'তী আন-নববী তাঁর 'আল-মুসনাদুল জামে',[৩৮৮] খতীব আত তিবরিযী তাঁর মেশকাতুল মাসাবীহ্,[৩৮৯] ফাতহুল বারী শারহু সহীহিল বুখারী,[৩৯০] মুহাম্মদ নাসির উদ্দিন আলবানী প্রণিত 'সহীহু ওয়া দা'ঈফু সুনানুত তিরমিযী',[৩৯১] 'ফায়দুল কাদীর'[৩৯২] এবং মুহাম্মদ ইব্ন আবী আশ-শাওকানী তাঁর 'নায়লুল আওতার',[৩৯৩]সহ আরো অনেক কিতাবে পাওয়া যায়।

---

৩৮২ ইমাম দারা কুতনী : *আস-সুনান*, অনুচ্ছেদ- بَابُ الإِلْتِفَاتِ فِى الصَّلَاةِ بِعُذْرٍ-এর ১ম হাদীস, হাদীস নং- ১৮৮৫, খ. ৫ম, প্রাগুক্ত, পৃ. ৯১।

৩৮৩ ইমাম আহমদ ইব্ন হাম্বল : *আল-মুসনাদ*, খ. ৫ম, হাদীস নং- ২৩৫৫, প্রাগুক্ত, পৃ. ৩৭৮।

৩৮৪ ইমাম বাইহাকী : *আস-সুনানুল কুবরা*, খ. ২য়, প্রাগুক্ত, পৃ. ১৩।

৩৮৫ ইমাম নাসাঈ : *আস-সুনানুল কুবরা*, খ. ১ম, হাদীস নং- ৫২৯, প্রাগুক্ত, পৃ. ১৯২।

৩৮৬ হিসাম আদ্দীন আল-হিন্দী : *কানযুল 'উম্মাল*, খ. ৭ম, হাদীস নং- ১৮৯৫০, প্রাগুক্ত, পৃ. ৫৯।

৩৮৭ মুহাম্মদ ইব্ন কুদামাহ আল-মাকদেসী : *আল-মুগনী*, অনুচ্ছেদ- فَصْلٌ : يُكْرَهُ أَنْ يَتْرُكَ شَيْئًا مِنْ سُنَنِ الصَّلَاةِ, হাদীস নং- ৮৯০, খ. ৩য়, প্রাগুক্ত, পৃ. ১২১।

৩৮৮ আবুল ফাযল আস-সাইয়্যেদ আবুল মা'তী আন-নববী : *আল-মুসনাদুল জামে'*, হাদীস নং- ৫৯৭৪, খ. ১৮, প্রাগুক্ত, পৃ. ৫০০।

৩৮৯ মুহাম্মদ ইব্ন 'আবদিল্লাহ আল-খতীব আত তিবরিযী : *মেশকাতুল মাসাবীহ্*, অনুচ্ছেদ- العمل في الصلاة وما يباح منه, প্রাগুক্ত, হাদীস নং- ৯৯৮।

৩৯০ ইমাম ইব্নে হাজার আল-আসকালনী : *ফাতহুল বারী শারহু সহীহিল বুখারী*, খ. ৫ম, প্রাগুক্ত, পৃ. ৩১৫।

৩৯১ মুহাম্মদ নাসির উদ্দিন আলবানী : *সহীহু ওয়া দা'ঈফু সুনানুত তিরমিযী*, খ. ২য়, হাদীস নং- ৫৮৭, প্রাগুক্ত, পৃ. ৮২।

৩৯২ 'আল্লামা মুহাম্মদ আবদুর রাউফ আল-মানাওয়ী : *ফায়দুল কাদীর*, হাদীস নং- ৯৫৩৫, খ. ৫ম, প্রাগুক্ত, পৃ. ২১৫।

৩৯৩ মুহাম্মদ ইব্ন আবী আশ-শাওকানী : *নায়লুল আওতার*, হাদীস নং- ৮৪৫, খ. ৪র্থ, প্রাগুক্ত, পৃ. ১৫৯।

৩৫. মাউযূ' হাদীস প্রতিরোধে হাদীস বিজ্ঞানীগণের ভূমিকা : একটি পর্যালোচনা
৩৬. উমর (রা.)-এর ইসলাম গ্রহণ : একটি তাত্ত্বিক পর্যালোচনা
৩৭. জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধে ইসলাম : একটি পর্যালোচনা
৩৮. 'ইল্‌মুল জারহে ওয়াত তা'দীল বা হাদীস সমালোচনা বিজ্ঞান : একটি পর্যালোচনা
৩৯. পবিত্র কুর'আন-হাদীসের দৃষ্টিতে ফারায়েজের বিশ্লেষণ
৪০. খলীফা হিসেবে আবূ বাকর সিদ্দীক (রা.)-এর মূল্যায়ন
৪১. খলীফা হযরত আবূ বাকর (রা.)-এর জীবন পরিক্রমা : একটি পর্যালোচনা
৪২. যা'ঈফ হাদীস গ্রহণ, মাওদূ' হাদীস বর্জন : একটি পর্যালোচনা
৪৩. দু'আর হাকীকত : পবিত্র কুর'আনে বর্ণিত দো'য়াসমূহের তাত্ত্বিক বিশ্লেষণ
৪৪. ইমাম বুখারী (রহ.)-এর হাদীস সংকলনের পদ্ধতি : একটি সমীক্ষা
৪৫. ইমাম বুখারী (রহ.)-এর পরিচ্ছেদ শিরোনাম : একটি পর্যালোচনা
৪৬. হজ্জ : বিশ্বে শান্তি ও সমতা প্রতিষ্ঠার প্রতিক
৪৭. জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধে ইসলামিক স্টাডিজের ভূমিকা
৪৯. 'আকিকার গুরুত্ব ও মর্যাদা : একটি সমীক্ষা
৫০. সমাজে ও রাষ্ট্রে শান্তি প্রতিষ্ঠায় ধর্মীয় শিক্ষার প্রয়োজনীয়তা অনস্বীকার্য
৫১. ইন্টারনেটের অপব্যবহার : প্রেক্ষিত ইসলামে যিনা-ব্যভিচারে সতর্কীকরণ
৫২. যুদ্ধ-বিধ্বস্ত বাংলাদেশ গঠনে বঙ্গবন্ধুর ভূমিকা : একটি সমীক্ষা
৫৩. কর্মফল অর্জনে নিয়্যাতের গুরুত্ব : একটি সমীক্ষা
৫৪. পবিত্র কুর'আনের নামসমূহ ও নামকরণের কারণ : তাত্ত্বিক বিশ্লেষণ
৫৫. কুর'আনের পরিচয় এবং 'আরবী ভাষায় কুর'আন অবতীর্ণের কারণ
৫৬. তারাবীর নামায বিশ রাকা'আত : একটি দালীলিক বিশ্লেষণ
৫৭. খলীফা হিসেবে আবূ বাকর (রা.)-এর মূল্যায়ন : একটি সমীক্ষা
৫৭. খলীফা হযরত আবূ বাকর (রা.)-এর জীবন প্রবাহ : একটি পর্যালোচনা
৫৮. কল্যাণমূলক রাষ্ট্র পরিচালনায় খলীফা হযরত আবূ বাকর (রা.)
৫৯. খলীফা হযরত আবূ বাকর (রা.)-এর সৈনিক জীবন
৬০. ইসলামের দৃষ্টিতে মাতৃভাষার গুরুত্ব : প্রেক্ষিত একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

= وَاللَّهُ سُبْحَانَهُ وَتَعَالَى أَعْلَمُ بِالصَّوَابِ، وَإِلَيْهِ الْمَرْجِعُ وَالْمَآبُ =